গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০০৯.২৩.৪৭০

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩২
০৩ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত GPMS টিম গঠন।

সূত্র: ০৪.০০.০০০০.০০০০.৮২৫.২২.০০০১.২৫.৫২, তারিখ-২৪ আগস্ট ২০২৫, মন্ত্রিপরিষদ বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে আইন ও বিচার বিভাগের GPMS টিম গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (আইন ও বিচার প্রশাসন) | GPMS টিম লিডার |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন-১) | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (প্রশাসন-২) | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন) | সদস্য |
| ৫. | যুগ্মসচিব (মতামত) | সদস্য |
| ৬. | সলিসিটর | সদস্য |
| ৭. | যুগ্মসচিব (পরিকল্পনা) | সদস্য |
| ৮. | উপসচিব (প্রশাসন-১) | সদস্য |
| ৯. | উপসচিব (প্রশাসন-২) | সদস্য |
| ১০. | উপসচিব (রেজিস্ট্রেশন) | সদস্য |
| ১১. | উপসচিব (বাজেট ) | সদস্য |
| ১২ | উপসচিব (মতামত-৪) | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৩. | সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ-২) | সদস্য সচিব |
| ১৪. | সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) | সদস্য |
| ১৫. | নিবন্ধন অধিদপ্তর-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৬. | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৭. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট-এর ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৮. | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৯. | প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ | সদস্য |

**০২। কমিটির কার্যপরিধি:**

(ক) GPMS এর ৩ বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচ্য অর্থ বছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রনয়ন ও GPMS সফট্ওয়্যারে দাখিল।

(খ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা,বিবেচ্য অর্থ বছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা ও কৌশলগত প্রতিবেদন (Strategic Report ) প্রণয়ন এবং GPMS সফট্ওয়্যারে দাখিল;

(গ) প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;

(ঘ) সেকশন ২ (বিবেচ্য অর্থ বছরের কর্মসম্পাদন পরিকল্পনা) এর প্রতি ত্রৈমাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং GPMS সফটওয়্যারে আপলোড;

(ঙ) মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রম এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের GPMS কার্যক্রম পরিবীক্ষণ;

(চ) আওতাধীন অফিসের কার্যক্রম এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের GPMS কার্যক্রম পরিবীক্ষণ করা;

(ছ) GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন ;

(জ) GPMS পিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;

(ঝ) বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথাযথ যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের অনুমোদন গ্রহণ করে সফট্ওয়্যারের মাধ্যমে দাখিল নিশ্চিত করা।

০৩। GPMS টিম লিডার GPMS টিমের সদস্যদের মাধ্যমে GPMS বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করবেন, GPMS টিমের সভায় সভাপতিত্ব করবেন, এবং GPMS এর অগ্রগতি বিষয়ে আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়কে অবহিত রাখবেন।

০৪। GPMS ফোকাল পয়েন্ট কর্মকর্তা GPMS সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, এপিএএমএস সফট্ওয়্যারের পাসওয়ার্ড ও ইউজার আইডি সংরক্ষণ করবেন, মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং GPMS সংশ্লিষ্ট তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

০৫। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৩।০৭।২০২৫

আশফাকুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২
ই-মেইল:section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃ. আ. সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয় শাখা)]
২। অতিরিক্ত সচিব (আইন ও বিচার প্রশাসন) , আইন ও বিচার বিভাগ।
৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট ও উন্নয়ন/মতামত/পরিকল্পনা), আইন ও বিচার বিভাগ।
৫। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা ।
৬। সলিসিটর, সলিসিটর অনুবিভাগ।
৭। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
৮। পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা।
৯। উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট/রেজিস্ট্রেশন/ মতামত-৪), আইন ও বিচার বিভাগ।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
১১। সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮/ প্রশিক্ষণ-২), আইন ও বিচার বিভাগ।
১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। অফিস কপি।